

# ঢাকা ডেন্টাল কলেজে শিক্ষকদের সম্মাননা ও সনদপত্র প্রদান

নিজৰ প্রতিবেদক



ঢাকা ডেন্টাল কলেজের আয়োজনে শিক্ষকদের সম্মাননা ও সনদপত্র প্রদান অনুষ্ঠান

ঢাকা ডেন্টাল কলেজের

আয়োজনে 'এপ্রিসিয়েশন এন্ড  
সার্টিফিকেট গিভিং সেরিমনি অন  
টিচিং মেথডলজি এন্ড এসেসমেন্ট  
ট্রেনিং প্রোগ্রাম' অনুষ্ঠিত হয়েছে।  
দেড় বছর মেয়াদি এই ট্রেনিং  
প্রোগ্রামে মোট ১৩৪ জন শিক্ষক  
অংশ নিয়েছিলেন। তাদের মধ্যে  
১০ জনকে অনুষ্ঠানিকভাবে  
সনদপত্র দেয়া হয়। শনিবার ঢাকা  
ডেন্টাল কলেজে অংশগ্রহণকারী

শিক্ষকদের মাঝে সম্মাননা ও

সনদপত্র তুলে দেয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে

উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা

অধিদপ্তরের মহাপরিচালক

অধ্যাপক ডাঃ মো. টিটো মিঞ্চা।

অনুষ্ঠানটি আয়োজনে সার্বিক

সহযোগিতা করেছে রেনাটা

লিমিটেড।

অনুষ্ঠানে উপস্থিত বক্তব্য বলেন,

মেডিকেল শিক্ষা আন্তর্জাতিক

মানসম্পন্ন করে গড়ে তোলার

জন্য যথাযথ প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ।

প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকরা

আধুনিক বিষয় সম্পর্কে সচেতন

হচ্ছেন।

মেডিকেল গ্রাজুয়েটরা যেন

আন্তর্জাতিক মান বজায় রেখে

পরবর্তীতে আধুনিক চিকিৎসা

ব্যবস্থা চালিয়ে নিয়ে যেতে পারেন,

সেজন্য এইধরণের ট্রেনিং এর

আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে  
 বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য শিক্ষা  
 অধিদপ্তরের অতিরিক্ত  
 মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক  
 ডাঃ বায়জীদ খুরশীদ রিয়াজ। তিনি  
 তার বক্তব্যে শিক্ষকদের গুরুত্ব  
 নিয়ে কথা বলেন। এছাড়া  
 অনুষ্ঠানে উপস্থিত ছাত্র শিক্ষক  
 সকলের উদ্দেশ্যে বলেন, সময়ের  
 কাজ সময়ে করার জন্য।

আজকের কাজ কালকের জন্য  
 ফেলে না রাখার কথা বলেন তিনি।

অনুষ্ঠানে আরেক বিশেষ অতিথি  
 স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত  
 মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)  
 অধ্যাপক ডাঃ আবুল বাশার, মোঃ  
 জামাল, পরিচালক, সেন্টার ফর  
 মেডিকেল এডুকেশন অধ্যাপক  
 ডাঃ সৈয়দা শাহিনা সোবহান। তিনি  
 বলেন, আগে আমাদের মেডিকেল  
 সেক্টরের শিক্ষকদের কোন  
 ট্রেনিংয়ের ব্যবস্থা ছিলো না। কিন্তু  
 বর্তমানে সারা দেশে সেই ব্যবস্থা

করা হয়েছে। এখন পর্যন্ত প্রায় ৭  
হাজার শিক্ষককে ট্রেনিং দেয়া  
হয়েছে।

এই বছরের শেষ নাগাদ  
বাংলাদশের প্রতিটি মেডিকেল  
এবং ডেন্টাল শিক্ষকদের  
ট্রেনিংয়ের আওতায় আনতে সক্ষম  
হব।

অনুষ্ঠানে সভাপ্রধানের  
দায়িত্বপালন করেন ঢাকা ডেন্টাল  
কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ  
মোঃ হুমায়ুন কবির। তিনি বলেন,  
এই ঢাকা ডেন্টাল কলেজ এখন  
সম্পূর্ণ র্যাগিং মুক্ত। এছাড়া  
অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে  
উপস্থিত ছিলেন অধ্যাপক ডাঃ  
কাজী আফজালুর রহমান,  
অধ্যাপক ডাঃ আমীর হোসাইন,  
অধ্যাপক ডাঃ মোঃ মোশাররফ  
হোসেন খন্দকার, ডাঃ মোহাম্মদ  
মাসুদুর রহমান, ডাঃ মিসবাহ  
উদ্দিন আহমেদ, অধ্যাপক ডাঃ  
মোঃ হুমায়ুন কবির তালুকদার, ডাঃ

মোঃ জাহাঙ্গীর রশীদ, ডাঃ এ.এফ,  
এম, শহিদুর রহমান এবং রেনাটা  
লিমিটেডের চিফ মার্কেটিং  
অফিসার তানবীর সাজিব।